

# সংস্কৃতি

মাতৃদেবী 'সংস্কৃতি', আন্মা তুমি মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব গম্ভীর মুখে হাঁটতে যান।  
স্বামীজিরা 'সংস্কৃতি', মোলানারা মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব গম্ভীর মুখে হাঁটতে যান।

উপনিষদ 'সংস্কৃতি' কোরাণ হলো মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব শান্তি মিছিলে হাঁটতে যান।  
জল বলাটা সংস্কৃতি, পানি বললেই মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব গম্ভীর মুখে হাঁটতে যান।

চাটুজেচটা সংস্কৃতি, কবীর সুমন মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব গম্ভীর মুখে হাঁটতে যান।  
ঘোমটা তুমি সংস্কৃতি, বোরখা তুমি মুসলমান,  
সংস্কৃতির ধারকরা সব কুরুক্ষেত্রে হাঁটতে যান।  
এমনিতে যারা দিবিচ বলেন বাঙালি আর মুসলমান,  
অমনি তারা গম্ভীর মুখে কুরুক্ষেত্রে হাঁটতে যান।